

# পরীক্ষাকেন্দ্র বাতিল ও স্থানান্তরের প্রতিবাদে গোলযোগ, সংঘর্ষ

এসএসসি পরীক্ষা কেন্দ্র বাতিলের ঘটনাকে কেন্দ্র করে গতকাল বুধবারও কয়েকটি স্থানে ব্যাপক গোলযোগ, সংঘর্ষ, হামলা-পাল্টা হামলা, বোমাবাজি ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। চট্টগ্রামে এসব ঘটনায় ৫০ লাখ টাকার সম্পদ নষ্ট হয় এবং রাজ্য-মাটি ও হাটহাজারী সড়কে ৭ ঘন্টা যানবাহন চলাচল বন্ধ থাকে। বিক্ষুব্ধ ছাত্ররা অবরোধ স্থাপন করলে ফেনীতে কয়েকটি ট্রেন চলাচল বন্ধ করে দেওয়া হয়। পাবনায় ছাত্ররা বিক্ষোভ মিছিল করে।

চট্টগ্রাম থেকে আমাদের নিজস্ব বার্তা পরিবেশক জানান: ওয়াশিংটন উচ্চ বিদ্যালয়ের পরীক্ষাকেন্দ্র বাতিল আদেশ প্রত্যাহারের দাবীতে সকাল ১০টায় পরীক্ষার্থীরা স্কুলে ঢুকে আসিবাপত্র ভাঙচুর করে এবং বোমা ফাটায়। এ সময় শিক্ষকরা ভয়ে পালিয়ে যান। এরপর তারা রাস্তায় নেমে অস্ত্রজেন এলাকা ও মুরাদপুরে ১৫টি ট্রাক ও ৬টি মিনিবাস ভাঙচুর করে।

এই ঘটনায় পরিবহন শ্রমিকরা বিক্ষুব্ধ হয়ে ৪টি ট্রাকযোগে স্কুলে হামলা করে। এ সময় সংঘর্ষে ১২জন আহত হয়। পরিবহন শ্রমিকরা রাজ্য ব্যারিকেড দিয়ে ওইসব রুটে যানবাহন চলাচল বন্ধ করে দেয়।

পরীক্ষার্থীরা এরপর দু'টি ট্রাকযোগে চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়ে ঢুকে ২০ লাখ টাকার সম্পদ নষ্ট করে এবং শিক্ষক ও কর্মচারীদের ওপর হামলা চালায়। তারা প্রধান শিক্ষককেও মারাত্মক হান করে। ২০ মিনিটব্যাপী এই হামলার সময় তারা নগদ ১৮ হাজার টাকাও নিয়ে যায়।

বেলা ১২টার সময় তারা মিউনিসিপ্যাল মডেল হাই স্কুলের প্রধান শিক্ষকের বাড়ী তছনছ করে। সাড়ে ১২টায় স্কুলে এসে প্রায় ১৫ লাখ টাকার মালামাল নষ্ট করে এবং অফিস কক্ষে আগুন ধরিয়ে দেয়। দুপুর দেড়টার সময় পরীক্ষার্থীরা চলে যায়। এ সময় পথে ৯টি গাড়ী ভাঙচুর

করে। পুলিশ জানায়, উচ্চাংখল ছাত্র বহিরাগতদের সহায়তায় এই সন্ত্রাস চালানোর অভিযোগে ২জন পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত দু'জন হচ্ছে: মাহবুবুল আলম ও জয়নাল আবেদীন। চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং মিউনিসিপ্যাল স্কুলের প্রধান শিক্ষক সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে এসব ঘটনার কথা তুলে ধরে আগামীকালের পরীক্ষার সময় নিরাপত্তা চান। (শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## আজ এসএসসি পরীক্ষা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)  
আজ বৃহস্পতিবার থেকে দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা শুরু হচ্ছে। এবার ৪টি বোর্ডে মোট ৪ লাখ ১৬ হাজার ৬১ জন পরীক্ষার্থী পরীক্ষা। (শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## গুণবর্তীতে পরীক্ষা হবে না

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার গুণবর্তীতে আসন্ন এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। উক্ত স্থানে উল্লিখিত পরীক্ষার কোন কেন্দ্র বা উপকেন্দ্রও থাকবে না। গুণবর্তীতে এসএসসি পরীক্ষাকে কেন্দ্র করে কতিপয় ব্যক্তির আইন-শৃংখলার পরিপন্থী আচরণ ও সংঘটিত ঘটনার পরি-

### পরীক্ষা শুরু

(১ম পাতার পর)

শুরু হয়েছে। এর মধ্যে পুরুষের সংখ্যা ২ লাখ ৮৬ হাজার ৪৮' ৬২ এবং মহিলাদের সংখ্যা ১ লাখ ২৯ হাজার ৫৮' ৯৯ জন। বিদেশে ৭টি কেন্দ্রসহ মোট ৪৮' ৭৫টি পরীক্ষাকেন্দ্রে এই পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা হয়েছে।

বোর্ডওয়ারী হিসেবে ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ১লাখ ২৬ হাজার ১৮' ৬১ জন। কেন্দ্রের সংখ্যা ১২৩টি। ঢাকা বোর্ড বিদেশে অবস্থানরত পরীক্ষার্থীদের জন্য আব্দারী, কুয়েত, দোহা, জেদ্দা, রিয়াদ, ত্রিপোলী ও ক্যানভেরা পরীক্ষাকেন্দ্র স্থাপন করেছে।

রাজশাহী বোর্ডে মোট ১৮' ২৭টি পরীক্ষাকেন্দ্রে ৯৮ হাজার ৯৮' ৫৭ জন পরীক্ষার্থী পরীক্ষা দেবে। কুমিল্লা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১ হাজার ৩৮' ৯৭ জন। গত বছর এই বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ছিল অর্ধেকেরও কম। এবার পরীক্ষাকেন্দ্রের সংখ্যা ১১৩টি।

যশোর বোর্ডে পরীক্ষাকেন্দ্র ১৮' ৫টি। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৮৯ হাজার ৫৮' ৪৭ জন।

### গুণবর্তীতে পরীক্ষা হবে না

(১ম পাতার পর)

প্রেক্ষিতে সরকার অনতিবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে উক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এছাড়া গুণবর্তী হাইস্কুলকে সরকার প্রদত্ত সর্বপ্রকার আর্থিক সাহায্য ও সমর্থন প্রত্যাহার করার সিদ্ধান্তও গ্রহণ করা হয়েছে। স্ববর তথ্য বিবরণীর।

## গোলযোগ, সংঘর্ষ

(১ম পাতার পর)

বিভিন্ন সূত্রে জানা গেছে: ওয়াশিংটন স্কুলে নিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা মাত্র ৫০। কিন্তু অভিযোগ পাওয়া গেছে, কর্তৃপক্ষ প্রতিটি বহিরাগত ছাত্রের কাছ থেকে মোটা অংকের টাকা নিয়ে ছাত্র সংখ্যা বৃদ্ধি করে। বর্তমানে ওই স্কুলে পরীক্ষার্থীর সংখ্যা ৫৩৫ জন।

পাবনা থেকে সংবাদদাতা জানান: গত দু'দিন ধরে পাবনাতে ছাত্রদের ওপর পুলিশী হামলার প্রতিবাদে বুধবার ছাত্ররা শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে। সরকারী এডওয়ার্ড কলেজ থেকে ছাত্রদের এই মিছিলটি কিছু দূর অগ্রসর হলে আবার পুলিশের সাথে সংঘর্ষ হয়। সংঘর্ষে সায়েল (২৫) নামে একজন কলেজ ছাত্র ও আজিজ (৩৫) নামে একজন পথচারী আহত হয়। সংঘর্ষের সময় পুলিশ ৩ রাউণ্ড গুলী ছুড়ে বলে জানা গেছে। আহতদের পাবনা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

### ৯ ঘন্টা ট্রেন চলাচল বন্ধ

ফেনী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে গতকাল ছাত্ররা রেল লাইনে প্রতিবন্ধকতার স্বষ্টি করলে বিভিন্ন রেলপথে ৯ ঘন্টা ট্রেন চলাচল বন্ধ ছিল।

গুণবর্তী রেল স্টেশনের কাছে রাত ৩টা থেকে ভোর ৫টা পর্যন্ত অবরোধ স্থাপন করলে চট্টগ্রাম থেকে ঢাকাগামী তুর্গা নিশীথা, ঢাকা মেইল এবং ১০৬ নম্বর সাধারণ যাত্রীবাহী ট্রেন চলাচল করেনি।

ভোর ৫টার পরে ট্রেন চলাচল শুরু হলেও সকাল ৮টায় আবার রেললাইনে প্রতিবন্ধকতা স্থাপন করা হলে বিকেল ৩টা পর্যন্ত চট্টগ্রাম-ঢাকা, চট্টগ্রাম-সিলেট, চট্টগ্রাম-চাঁদপুর ও চট্টগ্রাম-নোয়াখালী লাইনে কোন ট্রেন চলাচল করেনি।

এ সময় যে ১১টি ট্রেন বিভিন্ন স্টেশনে আটকা পড়ে সেগুলোর মধ্যে রয়েছে মহানগর প্রভাতী, উমি অরুণা, পাহালিকা, জালালাবাদ ও উপসাগর এক্সপ্রেস।

গতকাল বিকেল সাড়ে ৩টার ছাত্রদের দ্বারা ক্ষতিগ্রস্ত রেললাইন মেরামতের পর পুনরায় চলাচল শুরু হয়।